

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
নির্বাহী সেল, বোর্ড অব গভর্নরস  
বাংলাদেশ বেসরকারী রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল  
পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা

পত্র সংখ্যা- বেইপিজেড/নি: সে:/শিল্প স্থা:/০২/২০০৯-২১৮

তারিখ ১১ কার্তিক, ১৪১৬/২৬ অক্টোবর, ২০০৯

## বেসরকারী ইপিজেডে শিল্প কারখানা স্থাপনের নীতিমালা

বাংলাদেশ বেসরকারী রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল আইন, ১৯৯৬ এর ১৪ ধারা মোতাবেক বেসরকারী ইপিজেডে উদ্যোক্তা কোম্পানী ও বিনিয়োগকারী কর্তৃক শিল্প কারখানা স্থাপন করার জন্য কোন নীতিমালা/পদ্ধতি ও শিল্প কারখানা স্থাপনের জন্য আবেদনের নির্ধারিত ছক না থাকায় এতদসংক্রান্ত সুনির্দিষ্ট নীতিমালা ও পদ্ধতি প্রণয়নের আবশ্যিকতা উপলব্ধি করে বেসরকারী ইপিজেড গভর্নর বোর্ড এর নির্বাহী সেল বেসরকারী ইপিজেডে উদ্যোক্তা কোম্পানী ও বিনিয়োগকারী কর্তৃক শিল্প কারখানা স্থাপনের একটি সুনির্দিষ্ট নীতিমালা ও পদ্ধতি গভর্নর বোর্ডের ১৫তম সভায় উপস্থাপন করলে উহা বোর্ড সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। তদপ্রেক্ষিতে বেসরকারী ইপিজেডে উদ্যোক্তা কোম্পানী ও বিনিয়োগকারী কর্তৃক শিল্প কারখানা স্থাপন ও রেজিস্ট্রেশনের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত আবেদন ফরমসহ শিল্প কারখানা স্থাপন ও রেজিস্ট্রেশনের জন্য এ নীতিমালা প্রণয়ন করা হল।

০২। বেসরকারী ইপিজেডে শিল্প কারখানা স্থাপন ও রেজিস্ট্রেশনের জন্য উদ্যোক্তা কোম্পানী ও বিনিয়োগকারীগণ এ নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে বাধ্য থাকবেন।

০৩। এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

বোর্ডের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

[ড. মো: নূরুল্লাহী মুধা]

মহাপরিচালক

নির্বাহী সেল, বেসরকারী ইপিজেড

ও

সদস্য সচিব

বেসরকারী ইপিজেড বোর্ড অব গভর্নরস।